66

# আজকের কাগজ

তারিখ ... 0·8 ·APR 1996 ... ..
পৃষ্ঠা ৮ কলাম ৮ ...

## ঢা.বি'র সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা ৯ মে থেকে শুরু

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষা আগামী ৯ মে থেকে পর্যায়ক্রমে গ্রহণ করা হবে। গত শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি কমিটির এক সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। সভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এমাজউদ্দীন আহমদ। একটি সূত্রে জানা গেছে, ক্যাম্পাসের পরিস্থিতি বিশ্লেষণ ও একাডেমিক দিক বিবেচনা করে বিস্তারিত আলোচনা থেকে পরীক্ষার নতুন সময়সূচি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে। নতুন সময়সূচি অনুযায়ী 'গ' ইউনিটের পরীক্ষা ৯ মে, 'ঘ' ইউনিটের পরীক্ষা ১০ মে, 'খ' ইউনিটের পরীক্ষা ১৭ মে এবং 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ২৪ মে অনুষ্ঠিত হবে। ভর্তি পরীক্ষার ফরম বিতরণ শেষ হচ্ছে আজই। জানা যায়, গতকাল পর্যন্ত ফরম বিক্রির পরিমাণ ছিলো 'ক' ইউনিটে ২০ হাজার ৯ শ, 'খ' ইউনিটে ২৪ হাজার ৯ শ ৫২, 'ঘ' ইউনিটে ১৪ হাজার ৮০৭ এবং 'গ' ইউনিটে ৯ হাজার। গত বছর পর্যন্ত ৩ হাজার ৬ শ ৩৬টি আসনে ছাত্রছাত্রী ভর্তি করা হয়েছিলো। এ বছর আরো শতকরা ১০ ভাগ আসন বৃদ্ধি করা হয়েছে। এই সিদ্ধান্ত অনুযায়ী এবার আসন সংখ্যা দাঁড়িয়েছে মোট ৪ হাজার।